গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বিশ্ব স্বাস্থ্য-২ অধিশাখা
www.hsd.gov.bd

স্মারক: ৪৫.০০.০০০০.১৬৯.২২.০০১.২০-১৯৬

তারিখ: ০২ আষাঢ় ১৪২৯ / ১৬ জুন ২০২২

**বিষয়: ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০১৩ সনে সংশোধিত) এর অধিকতর সংশোধনী আনয়নের লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়ার উপর জনমত যাচাইয়ের নিমিত্ত সকল স্টেকহোল্ডারদের মতামত গ্রহণের জন্য ওয়েবসাইটে প্রকাশ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০১৩ সনে সংশোধিত) এর অধিকতর সংশোধনী আনয়নের লক্ষ্যে এ সংক্রান্ত গঠিত কমিটি কর্তৃক একটি খসড়া সংশোধনী প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত খসড়া আইনটির উপর নিম্নোক্ত ছক মোতাবেক সুনির্দিষ্ট মতামত আগামী ১৪ জুলাই ২০২২ তারিখের মধ্যে জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের ঠিকানায় (৪র্থ তলা, আনসারি ভবন, ১৪/২ তোপখানা রোড, ঢাকা) কুরিয়ার/ডাকযোগে/ বর্ণিত ই-মেইলের মাধ্যমে [ntcc_bangladesh@yahoo.com] প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

| নং | **ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০১৩ সনে সংশোধিত) এর অধিকতর সংশোধনীর লক্ষ্যে প্রস্তাবিত খসড়া আইনের ধারা** | **মতামত** |
|---|---|---|
| ১. | | |
| ২. | | |
| ৩. | | |

উল্লেখ্য, পত্রে বর্ণিত সময়ের পরে আর কোন মতামত গ্রহণযোগ্য হবে না এবং মতামত প্রেরণকারি ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠান-কে তাঁদের পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ করতে হবে।

সংযুক্তঃ প্রস্তুতকৃত খসড়া আইন।

১৬.০৬.২০২২
(খন্দকার জাকির হোসেন)
উপসচিব
ফোন: ৯৫৪০২৫৫
wh2@hsd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সমন্বয়কারী (অতিরিক্ত সচিব), জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় [তাঁকে এনটিসিসির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
২. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় [তাঁকে স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

**অনুলিপি- অবগতি ও কার্যার্থেঃ**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (বিশ্বস্বাস্থ্য অনুবিভাগ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

D:\2020\Tobaco Control Act\Letter.docx

## ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০১৩ সালে সংশোধিত) অধিকতর সংশোধনের লক্ষ্যে প্রস্তাবিত খসড়া

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে, ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০০৫ সনের ১১ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।- (১) এই আইন ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) (সংশোধন) আইন, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০০৫ সনের ১১ নং আইন এর প্রস্তাবনা এর সংশোধন।-** ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০০৫ সনের ১১ নং আইন), অত:পর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর প্রস্তাবনায় দুইবার উল্লিখিত "ইং" শব্দের পরিবর্তে "খ্রিস্টাব্দ" শব্দ প্রতিস্থাপিত হইবে;

৩। **২০০৫ সনের ১১নং আইন এর ধারা ২ এর সংশোধন।-** উক্ত আইনের-

(ক) দফা (ক) এর পর নিম্নরূপ দফা (কক) সন্নিবেশিত হইবে, যথা:-

"(কক) "কুম্ভি পাতা বা টেন্ডু পাতার বিড়ি" অর্থ কুম্ভি পাতা বা টেন্ডু পাতায় মোড়ানো বা তৈরিকৃত বিড়ি এবং অন্য কোনো গাছের পাতা দ্বারা মোড়ানো বা তৈরিকৃত বিড়িও ইহার অন্তর্ভুক্ত হইবে, কিন্তু কাগজ দ্বারা মোড়ানো প্রচলিত বিড়ি ইহার অন্তর্ভুক্ত হইবে না";

(খ) দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(খ) "তামাক" অর্থ কোন নিকোটিয়ানা টাবাকাম বা নিকোটিয়ানা রাসটিকার শ্রেণিভুক্ত উদ্ভিদ বা এতদসম্পর্কিত অন্য কোনো উদ্ভিদ বা উহাদের কোনো পাতা বা ফল, শিকড়, ডাল বা উহার কোন অংশ;";

(গ) দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(গ) "তামাকজাত দ্রব্য" অর্থ তামাক, তামাক পাতা বা উহার নির্যাস হইতে প্রস্তুত যে কোন দ্রব্য, যাহা চোষণ বা চিবানোর মাধ্যমে গ্রহণ করা যায় বা ধূমপানের মাধ্যমে শ্বাসের সহিত টানিয়া লওয়া যায় এবং বিড়ি, সিগারেট, চুরুট, গুল, জর্দ্দা, খৈনী, সাদাপাতা, সিগার, ই-সিগারেট (e-cigarette) বা ইলেকট্রনিক নিকোটিন ডেলিভারী সিস্টেম (ENDs), নিকোটিনযুক্ত দ্রব্য, হিটেড টোবাকো প্রডাক্ট (HTP), এবং হুক্কা বা পাইপের ব্যবহার্য মিশ্রণও (mixture) ইহার অন্তর্ভুক্ত হইবে;";

(ঘ) দফা (ঙ) বিলুপ্ত হইবে;

(ঙ) দফা (ঙ) এর পর নিম্নরূপ দফা (ঙ) এবং দফা (ঙঙ) সন্নিবেশিত হইবে, যথা:-

" (ঙ) "নিকোটিন" অর্থ প্রাকৃতিকভাবে উৎপাদিত বা কৃত্রিমভাবে বা অন্য যে কোনো উপায়ে প্রস্তুতকৃত যে কোনো প্রকারের নিকোটিন, তাহা কঠিন, তরল ও বায়বীয় যে প্রকারেই হউক না কেন;

(ঙঙ) "নিকোটিনযুক্ত দ্রব্য" অর্থ মানুষের ব্যবহারের জন্য প্রস্তুতকৃত নিকোটিনযুক্ত দ্রব্য বা উহার মিশ্রণ;";

তবে শর্ত থাকে যে, চিকিৎসার জন্য ব্যবহৃত নিকোটিন রিপ্লেসমেন্ট থেরাপি ইহার অন্তর্ভুক্ত হইবে না।

(চ) দফা (চ) এ উল্লিখিত "হাসপাতাল ও ক্লিনিক ভবন" শব্দগুলির পরিবর্তে "হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার ভবন" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে এবং "চতুর্দিকে দেয়াল দ্বারা আবদ্ধ রেস্টুরেন্ট" শব্দগুলির পরিবর্তে "যে কোন ধরনের রেস্টুরেন্ট, খাবার দোকান, কফি হাউজ, চায়ের দোকান ও প্রাঙ্গন" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(ছ) দফা (ছ) এ উল্লিখিত "যান্ত্রিক" শব্দটির পরিবর্তে "যান্ত্রিক ও অযান্ত্রিক" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(জ) দফা (ছ) এর পর নিম্নরূপ দফা (ছছ) সন্নিবেশিত হইবে, যথা:-

"(ছছ) "প্রাঙ্গণ" অর্থ পাবলিক প্লেস এর সংজ্ঞায় অন্তর্ভুক্ত সকল ভবনের বারান্দা, প্রবেশ ও বহির্গমন গেইট এবং ভবনসংশ্লিষ্ট এলাকা তাহা আচ্ছাদিত বা উন্মুক্ত যেভাবেই হউক না কেন ভবনের সামনে ও পেছনে মাঠ, উন্মুক্ত স্থান বা বাগানও ইহার অন্তর্ভুক্ত হইবে;";

(ঝ) দফা (জ) এর প্রান্ত: স্থিত "এবং" শব্দটি বিলুপ্ত হইবে; এবং

(ঞ) দফা (ঝ) এর প্রান্ত: স্থিত দাড়ি চিহ্নের পরিবর্তে সেমিকোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অত:পর নিম্নরূপ দফা (ঞ) সংযোজিত হইবে,যথা:-

"(ঞ) "ষ্ট্যান্ডার্ড প্যাকেজিং" অর্থ তামাকজাত দ্রব্যের মোড়কের আকার (shape), আয়তন (size), মোড়কের উপাদান, মোড়কজাতকরণ এবং মোড়কে তামাকজাত দ্রব্যের পরিমাণ ও সংখ্যা সংক্রান্ত সরকার প্রদত্ত নির্দেশনা অনুযায়ী প্রস্তুতকৃত ষ্ট্যান্ডার্ড প্যাকেজিং। "।

৪। **২০০৫ সনের ১১ নং আইন এর ধারা ৪ এর সংশোধন।**— উক্ত আইনের ধারা ৪ এর-

(ক) শিরোনামে উল্লিখিত "ধূমপান" শব্দটির পরিবর্তে "ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(১) কোনো ব্যক্তি কোনো পাবলিক প্লেস এবং পাবলিক পরিবহণে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার করিতে পারিবেন না।"; এবং

(গ) উপ-ধারা (২) এ উল্লিখিত "তিনশত টাকা" শব্দগুলির পরিবর্তে "এক হাজার টাকা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৫। **২০০৫ সনের ১১ নং আইন এর ধারা ৫ এর সংশোধন।**- উক্ত আইনের ধারা ৫ এর-

(ক) উপ-ধারা (১) এর-

(অ) দফা (ঘ), (ঙ), (চ) ও (ছ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ), (ঙ), (চ), (ছ) ও ব্যাখ্যাসমূহ, প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(ঘ) কোনো প্রেক্ষাগৃহে, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া, ইন্টারনেট মাধ্যম, ওয়েবসাইট, ওয়েবপেইজ, ইলেক্ট্রনিক মেইল ও সামাজিক যোগাযোগ মাধ্যমে তামাক বা তামাকজাত দ্রব্য সম্পর্কিত কোনো বিজ্ঞাপন প্রচার করিবেন না বা করাইবেন না;

**ব্যাখ্যা:** এই ধারায়-

(ক) "ইন্টারনেট" বলিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ এর ধারা ২ এর দফা (৮) এ সংজ্ঞায়িত ইন্টারনেটকে বুঝাইবে;

(খ) "ইলেকট্রনিক মেইল" বলিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ এর ধারা ২ এর দফা (৯) এ সংজ্ঞায়িত ইলেকট্রনিক মেইলকে বুঝাইবে;

"(ঙ) বাংলাদেশে প্রস্তুতকৃত বা লভ্য ও প্রচারিত, বিদেশে প্রস্তুতকৃত কোনো সিনেমা, নাটক বা প্রামাণ্য চিত্রে তামাকজাত দ্রব্য ও ইলেকট্রিক নিকোটিন ডেলিভারি সিস্টেম ব্যবহারের দৃশ্য টেলিভিশন, রেডিও, ইন্টারনেট, মঞ্চ অনুষ্ঠান বা অন্য কোনো গণমাধ্যমে প্রচার, প্রদর্শন বা বর্ণনা করিবেন না বা করাইবেন না।";

"(চ) তামাকজাত দ্রব্যের মোড়ক, প্যাকেট বা কৌটার অনুরূপ বা সাদৃশ্য অন্য কোনো দ্রব্য বা পণ্যের মোড়ক, প্যাকেট বা কৌটার উৎপাদন, বিক্রয় বা বিতরণ করিবেন না বা করাইবেন না এবং অন্য কোনো পণ্যের মোড়ক, প্যাকেট বা কৌটার অনুরূপ বা সাদৃশ্য কোনো তামাকজাত দ্রব্য ও ইলেকট্রিক নিকোটিন ডেলিভারি সিস্টেম এর মোড়ক, প্যাকেট বা কৌটার উৎপাদন, বিক্রয় বা বিতরণ করিবেন না বা করাইবেন না;";

"(ছ) কোনো ব্যক্তি তামাকজাত দ্রব্য বিক্রয়স্থলে (point of sales) তামাকজাত দ্রব্যের কোনো ধরনের প্যাকেট, কৌটা, খালি বা নমুনা

বা মোড়ক প্রদর্শনসহ যে কোনো উপায়ে তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন প্রচার করিবেন না বা করাইবেন না;";

(আ) দফা (ছ) এর প্রান্ত:স্থিত দাড়ি চিহ্নের পরিবর্তে সেমিকোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অত:পর নিম্নরূপ দফা (জ) সংযোজিত হইবে, যথা:-

"(জ) ক্রেতার নিকট বিক্রয়ের সময় ব্যতীত বিক্রয়স্থলে (point of sales) সকল ধরনের তামাকজাত দ্রব্য বা উহার মোড়ক বা প্যাকেট দৃষ্টির আড়ালে রাখিতে হইবে।";

(খ) উপ-ধারা (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(৩) অন্য কোনো আইন, বিধি, সার্কুলার বা প্রজ্ঞাপনে যাহা কিছুই থাকুক না কেন, তামাকজাত দ্রব্যের উৎপাদনকারী ও ব্যবসায় নিয়োজিত ব্যক্তি সরাসরি বা অন্যকোনো প্রতিষ্ঠানের মাধ্যমে সামাজিক দায়বদ্ধতা কর্মসূচিতে (Corporate Social Responsibility) অংশগ্রহণ করিতে পারিবেন না।"; এবং

(গ) উপ-ধারা (৪) এ উল্লিখিত "এক লক্ষ টাকা" শব্দগুলির পরিবর্তে "পাঁচ লক্ষ টাকা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। **২০০৫ সনের ১১ নং আইন এ নূতন ধারা ৬খ, ৬গ, ৬ঘ, ৬ঙ, ৬চ ও ৬ছ এর সন্নিবেশ।**- উক্ত আইনের ধারা ৬ক এর পর নিম্নরূপ নূতন ধারা ৬খ, ৬গ, ৬ঘ, ৬ঙ, ৬চ ও ৬ছ সন্নিবেশিত হইবে, যথা:-

"৬খ। **ভ্রাম্যমান দোকানে বা ফেরী করিয়া তামাক ও তামাকজাত দ্রব্য বিক্রয় নিষিদ্ধ।**- (১) কোনো ব্যক্তি ভ্রাম্যমান দোকানে বা ফেরী করিয়া তামাক ও তামাকজাত দ্রব্য বিক্রয় করিবেন না বা করাইবেন না।

(২) কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর বিধান লঙ্ঘন করিলে তিনি অনধিক পাঁচ হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন এবং উক্ত ব্যক্তি দ্বিতীয়বার বা পুনঃ পুনঃ একই ধরনের অপরাধ সংঘটন করিলে তিনি পর্যায়ক্রমিকভাবে উক্ত দণ্ডের দ্বিগুণ হারে দণ্ডনীয় হইবেন।

৬গ। **শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল, ক্লিনিক, খেলাধুলার স্থান, ইত্যাদির সীমানার মধ্যে তামাক ও তামাকজাত দ্রব্য বিক্রয় নিষিদ্ধ।**- (১) কোনো ব্যক্তি শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল, ক্লিনিক, খেলাধুলার স্থান ও শিশু পার্কের সীমানার ১০০ মিটারের মধ্যে তামাক ও তামাকজাত দ্রব্য বিক্রয় করিবেন না বা করাইবেন না।

(২) সরকার বা স্থানীয় সরকার প্রতিষ্ঠান সময় সময় সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা উপ-ধারা (১) এ উল্লিখিত সীমানার পরিধি বৃদ্ধি করিতে পারিবে।

(৩) কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর বিধান লঙ্ঘন করিলে তিনি অনধিক পাঁচ হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন এবং উক্ত ব্যক্তি দ্বিতীয়বার বা পুনঃ পুনঃ একই ধরনের অপরাধ সংঘটন করিলে তিনি পর্যায়ক্রমিকভাবে উক্ত দণ্ডের দ্বিগুণ হারে দণ্ডনীয় হইবেন ।"

৬ঘ। **লাইসেন্স গ্রহণ ব্যতীত তামাক ও তামাকজাত দ্রব্য বিক্রয় নিষিদ্ধ।**- (১) কোনো ব্যক্তি স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নিকট হইতে তামাক ও তামাকজাত দ্রব্য বিক্রয়ের জন্য লাইসেন্স গ্রহণ ব্যতীত তামাক ও তামাকজাত দ্রব্য বিক্রয় করিতে পারিবেন না।

(২) কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর বিধান লঙ্ঘন করিলে তিনি অনধিক পঞ্চাশ হাজার টাকা অর্থদন্ডে দন্ডনীয় হইবেন এবং উক্ত ব্যক্তি দ্বিতীয়বার বা পুনঃ পুনঃ একই ধরনের অপরাধ সংঘটন করিলে তিনি পর্যায়ক্রমিকভাবে উক্ত দন্ডের দ্বিগুন হারে দন্ডনীয় হইবেন।

৬ঙ। **ইলেকট্রনিক নিকোটিন ডেলিভারি সিস্টেম, ইত্যাদি নিষিদ্ধ।**- (১) কোনো ব্যক্তি ইলেকট্রনিক নিকোটিন ডেলিভারি সিস্টেম, উহার যন্ত্রাংশ বা অংশ বিশেষ (ই-সিগারেট, ভ্যাপ, ভ্যাপিং, ভ্যাপার ইত্যাদি) হিটেড টোব্যাকো প্রডাক্টস, হিট নট বার্ণ এবং ওরাল নিকোটিন পাউচ যে নামেই অভিহিত হউক না কেন, উৎপাদন, আমদানি, রপ্তানি, সংরক্ষণ, বিজ্ঞাপন, প্রচার-প্রচারণা, প্রণোদনা, পৃষ্ঠপোষকতা, বিপণন, বিতরণ, ক্রয়-বিক্রয় ও পরিবহন করিবেন না বা করাইবেন না।

(২) কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর বিধান লঙ্ঘন করিলে তিনি অনূর্ধ্ব ছয় মাস বিনাশ্রম কারাদন্ড বা অনধিক দুই লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দন্ডনীয় হইবেন এবং উক্ত ব্যক্তি দ্বিতীয়বার বা পুনঃ পুনঃ একই ধরনের অপরাধ সংঘটন করিলে তিনি পর্যায়ক্রমিকভাবে উক্ত দন্ডের দ্বিগুণ হারে দন্ডনীয় হইবেন।

(৩) কোনো ব্যক্তি ইলেকট্রনিক নিকোটিন ডেলিভারি সিস্টেম, উহার যন্ত্রাংশ বা অংশ বিশেষ (ই-সিগারেট, ভ্যাপ, ভ্যাপিং, ভ্যাপার ইত্যাদি) হিটেড টোব্যাকো প্রডাক্টস, হিট নট বার্ণ এবং ওরাল নিকোটিন পাউচ যে নামেই অভিহিত হউক না কেন, ব্যবহার করিবেন না:

তবে শর্ত থাকে যে, রেজিষ্টার্ড চিকিৎসক কর্তৃক প্রদত্ত ব্যবস্থাপত্র অনুযায়ী নিকোটিন থেরাপীর ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হইবে না।

(৪) কোনো ব্যক্তি উপ-ধারা (৩) এর বিধান লঙ্ঘন করিলে তিনি অনধিক পাঁচ হাজার টাকা অর্থদণ্ডে দন্ডনীয় হইবেন।

ব্যাখ্যা: এই ধারায়-

(ক) "ইলেকট্রনিক নিকোটিন ডেলিভারি সিস্টেম" অর্থ একটি ইলেকট্রনিক ডিভাইস যাহাতে নিকোটিনযুক্ত বা নিকোটিন ছাড়া ফ্লেভারযুক্ত পদার্থকে উত্তপ্ত করে ধোঁয়া বা বাষ্প বা এরোসেল তৈরি করে যা শ্বাসের সহিত টানিয়া নেওয়া যায় এবং ইলেকট্রনিক বা ই-সিগারেট, হিট নট বার্ন পণ্য, ই-হুক্কা ও সমগোত্রীয় ডিভাইস তা যে নামেই অভিহিত হউক না কেন ইহার অন্তর্ভুক্ত হইবে;

(খ) "ওরাল নিকোটিন পাউচ" অর্থ একটি ছোট ব্যাগ বা ফাইবারের প্যাকেট বা অন্যান্য উপাদানের সমন্বয়ে একটি নিকোটিন পণ্য, যাহা ব্যবহারকারীকে মুখের আস্তরণের মাধ্যমে নিকোটিন সরবরাহ করে।

৬চ। **কুম্ভি পাতা, টেন্ডু পাতার বিড়ি, ইত্যাদি নিষিদ্ধ।**- (১) কোনো ব্যক্তি কুম্ভি পাতা, টেন্ডু পাতা বা অন্য কোনো গাছের পাতা দ্বারা মোড়ানো বিড়ি উৎপাদন, আমদানি, মজুত, বিপণন, বিতরণ, পরিবহণ, বাজারজাতকরণ ও ক্রয়-বিক্রয় করিবেন না বা করাইবেন না।

(২) কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর বিধান লঙ্ঘন করিলে তিনি অনূর্ধ্ব তিন মাস বিনাশ্রম কারাদণ্ড বা অনধিক দুই লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন এবং উক্ত ব্যক্তি দ্বিতীয়বার বা পুনঃ পুনঃ একই ধরনের অপরাধ সংঘটন করিলে তিনি পর্যায়ক্রমিকভাবে উক্ত দণ্ডের দ্বিগুণ হারে দণ্ডনীয় হইবেন।

(৩) এই ধারার অধীন কোনো অপরাধ সংঘটনকারী ব্যক্তি যদি কোম্পানী হয়, তাহা হইলে উক্ত কোম্পানির লাইসেন্স বাতিল, আর্থিক লেনদেন স্থগিত বা জব্দসহ আর্থিক জরিমানা আরোপ করা যাইবে।

(৪) কোন ব্যক্তি কুম্ভি পাতা, টেন্ডু পাতা বা অন্য কোনো গাছের পাতা দ্বারা মোড়ানো বিড়ি ব্যবহার করিবেন না।

(৫) কোন ব্যক্তি উপ-ধারা (৪) এর বিধান লঙ্ঘন করিলে তিনি অনধিক পাঁচ হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

৬ছ। **তামাকজাত দ্রব্যের সাথে মিষ্টিদ্রব্য, মশলা, সুগন্ধি (ফ্লেভার), আসক্তিমূলক দ্রব্য, রং, ইত্যাদি ব্যবহার নিষিদ্ধ।**–(১) কোনো ব্যক্তি তামাক ও তামাকজাত দ্রব্যের সাথে কোনো মিষ্টিদ্রব্য, মশলা, রং, সুগন্ধি (ফ্লেভার), আসক্তিমূলক দ্রব্য অথবা কোনো মিশ্রণ যুক্ত করিবেন না বা করাইবেন না।

(২) কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর বিধান লঙ্ঘন করিলে তিনি অনূর্ধ্ব ছয় মাস বিনাশ্রম কারাদণ্ড বা অনধিক পাঁচ লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন এবং উক্ত ব্যক্তি দ্বিতীয়বার বা পুনঃ পুনঃ একই ধরনের অপরাধ সংঘটন করিলে তিনি পর্যায়ক্রমিকভাবে উক্ত দণ্ডের দ্বিগুণ হারে দণ্ডনীয় হইবেন।”।

৭। **২০০৫ সনের ১১ নং আইন এর ধারা ৭ ও ধারা ৭ক এর বিলুপ্তি।**- উক্ত আইনের ধারা ৭ ও ধারা ৭ক বিলুপ্ত হইবে।

৮। **২০০৫ সনের ১১ নং আইন এর ধারা ৮ এর সংশোধন।**- উক্ত আইনের ধারা ৮ এর-

(ক) উপ-ধারা (১) এ উল্লিখিত “ধারা ৭ এর অধীন ধূমপান এলাকা হিসাবে চিহ্নিত বা নির্দিষ্ট স্থানের বাহিরে” শব্দগুলি ও সংখ্যা বিলুপ্ত হইবে; এবং

(খ) উপ-ধারা (২) এ উল্লিখিত “এক হাজার টাকা” শব্দগুলির পরিবর্তে “পাঁচ হাজার টাকা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৯। **২০০৫ সনের ১১ নং আইন এর ধারা ৯ এর সংশোধন।**– উক্ত আইনের ধারা ৯ এর-

(ক) উপ-ধারা (১) এ উল্লিখিত “কোনো পাবলিক প্লেস ও পাবলিক পরিবহণে” শব্দগুলির পরিবর্তে “কোনো পাবলিক প্লেস, পাবলিক পরিবহণ এবং তামাক ও তামাকজাত দ্রব্য বিক্রয়স্থলে ও বিক্রয়কারী প্রতিষ্ঠানে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (৩) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (৩ক) সন্নিবেশিত হইবে, যথা:-

“(৩ক) এই আইনের বিধান লংঘন করিয়া কোনো ব্যক্তি তামাকজাত দ্রব্যের বিক্রয়কেন্দ্র বা অন্য কোথাও যদি কোন তামাকজাত দ্রব্যের কোন বিজ্ঞাপন প্রচার

বা প্রদর্শন বা অন্য কোনভাবে প্রচারণা করিলে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত অবৈধ প্রচার বন্ধ করিতে এবং প্রচারণা সামগ্রী বা উপকরণ অপসারণ করিবার জন্য সংশ্লিষ্ট ব্যক্তিকে নির্দেশনা প্রদান করিতে পারিবেন, উক্তরূপ নির্দেশ স্বত্ত্বেও উক্ত অবৈধ প্রচার বন্ধ না করিলে এবং প্রচারণা সামগ্রী বা উপকরণ অপসারণ না করিলে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত বিজ্ঞাপন প্রচার বন্ধ বা উপকরণ অপসারণের লক্ষ্যে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন এবং প্রয়োজনে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তা নিতে পারিবেন।"; এবং

(গ) উপ-ধারা (৪) এ উল্লিখিত "উপ-ধারা (৩) এর অধীন" শব্দ, চিহ্ন, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "উপ-ধারা (৩) ও (৩ক) এর অধীন" শব্দ, চিহ্ন, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

১০। **২০০৫ সনের ১১ নং আইন এর ধারা ১০ এর সংশোধন।**-উক্ত আইনের ধারা ১০ এর-

(ক) উপ-ধারা (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(১) তামাকজাত দ্রব্যের সকল ধরনের প্যাকেট, মোড়ক, কার্টন, বস্তা ও কৌটার উভয় পার্শ্বে মূল প্রদর্শনী তল বা যে সকল প্যাকেটে দুইটি প্রধান পার্শ্বদেশ নাই সেই সকল প্যাকেটের মূল প্রদর্শনী তলের উপরিভাগে অন্যূন শতকরা নব্বই ভাগ পরিমাণ স্থান জুড়িয়া তামাকজাত দ্রব্যের ব্যবহারের কারণে সৃষ্ট ক্ষতি সম্পর্কে, রঙ্গিন ছবি ও লেখা সম্বলিত স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণী, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বাংলায় মুদ্রণ করিতে হইবে।";

(খ) উপ-ধারা (৩) এ উল্লিখিত "বিবৃতি" শব্দের পর "এবং উৎপাদনের তারিখ উল্লেখ সহ" শদ্গুলি সংযোজিত হইবে; এবং

(গ) উপ-ধারা (৫) এ উল্লিখিত "বিবৃতি" শব্দের পর "এবং উৎপাদনের তারিখ" শদ্গুলি সংযোজিত হইবে।

১১। **২০০৫ সনের ১১ নং আইন এ নূতন ধারা ১০ক এর সন্নিবেশ।**— উক্ত আইনের ধারা ১০ এর পর নিম্নরূপ নূতন ধারা ১০ক সন্নিবেশিত হইবে, যথা:-

"১০ক। **তামাকজাত দ্রব্য বিক্রয়ের উপর বিধি নিষেধ।**- (১) কোনো ব্যক্তি সম্পূর্ণ প্যাকেট, মোড়ক বা কৌটা ব্যতীত খুচরা বা খোলা তামাকজাত দ্রব্য বিক্রয় করিবেন না বা করাইবেন না।

(২) তামাক ও তামাকজাত দ্রব্যের প্যাকেট, মোড়ক ও কৌটার আকার আয়তন ও ওজন এবং উহাতে তামাক ও তামাকজাত দ্রব্যের সংখ্যা ও পরিমাণ বিধি দ্বারা নির্ধারিত হইবে।

(৩) কোনো ব্যক্তি-

(ক) (তামাক ও তামাকজাত দ্রব্যের উৎপাদনকারী কোম্পানী) এই ধারার বিধান লঙ্ঘন করিলে উক্ত কোম্পানী অনধিক দুই লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন;

(খ) (তামাক ও তামাকজাত দ্রব্যের বিক্রয়কারী দোকানদার) এই ধারার বিধান লঙ্ঘন করিলে তিনি অনূর্ধ্ব এক মাস বিনাশ্রম কারাদণ্ড বা অনধিক পাঁচ হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন; এবং

(গ) দফা (ক) ও (খ) এ উল্লিখিত ব্যক্তি দ্বিতীয়বার বা পুনঃ পুনঃ একই ধরনের অপরাধ সংঘটন করিলে তিনি পর্যায়ক্রমিকভাবে উক্ত দণ্ডের দ্বিগুণ হারে দণ্ডনীয় হইবেন।"।

১২। **২০০৫ সনের ১১ নং আইন এর ধারা ১৪ এর সংশোধন।**— উক্ত আইনের ধারা ১৪ এর-

(ক) উপ-ধারা (১) এর দফা (খ) এ উল্লিখিত "শ্রেণীর" শব্দটি বিলুপ্ত হইবে;

(খ) উপ-ধারা (২) বিলুপ্ত হইবে; এবং

(গ) উপ-ধারা (২) এর পর নিম্নরূপ উপ-ধারা (৩) সন্নিবেশিত হইবে, যথা:-

"(৩) এই আইনের অধীন কোনো অভিযোগ দায়ের ও মামলা নিষ্পত্তির ক্ষেত্রে ফৌজদারী কার্যবিধি প্রযোজ্য হইবে।"।

১৩। **২০০৫ সনের ১১ নং আইন এর ধারা ১৮ এর সংশোধন।**— উক্ত আইনের ধারা ১৮ এর উপ-ধারা (১) এর দফা (কক) এর পর নিম্নরূপ দফা (ককক) সন্নিবেশিত হইবে, যথা:-

"(ককক) The Bidi Manufacture (Prohibition) Ordinance, 1975 (Ordinance No. LVII of 1975)";।